

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ।

বাংলা, ইংরেজী পঠন ও গণিতের গাণিতিক দক্ষতা নিশ্চিত কর্মপরিকল্পনা-২০২৬ খ্রি.

ক্র.নং	বিষয়বস্তু	কাজের বিবরণ	সম্পাদনের সময় কাল	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১.	সমন্বিত পরিদর্শন ও সমন্বয় সভা	প্রতি মাসে জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাদের সমন্বয়ে একটি উপজেলার বিদ্যালয় (শিখন দক্ষতার অগ্রগতি যাচাই) পরিদর্শন ও মাসিক সমন্বয় সভা ও পরিদর্শন প্রতিবেদনের আলোকে সিদ্ধান্ত গ্রহণ।	প্রতি মাসে	DPEO
২.	পঠন দক্ষতা যাচাই	২০২৬ শিক্ষাবর্ষে প্রতিটি বিদ্যালয়ের শিক্ষার্থীদের বাংলা, ইংরেজী পঠন দক্ষতা ও গণিতের সংখ্যা, যোগ, বিয়োগ, গুণ, ভাগের দক্ষতা নিশ্চিত প্রধান শিক্ষকের নেতৃত্বে 'শিক্ষক গুপ' তৈরি করে গুপের মাধ্যমে বিদ্যালয়ে মূল্যায়ন করা।	এপ্রিল ও অক্টোবর মাসে	UPEO/ UAPEO/ Instructor HT/AT
৩.	অগ্রগতি প্রতিবেদন তৈরি	প্রধান শিক্ষকের সমন্বিত পরিদর্শন শেষে নির্ধারিত সময়ে জেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিখন অগ্রগতির তথ্য সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃক গুগল লিংকে এন্ট্রি করতে হবে।	এপ্রিল ও অক্টোবর মাসে	DPEO UPEO/ UAPEO/ HT/AT
৪.	দলগত পরিদর্শন করা	উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ইউপিইটিসি ইন্সট্রাক্টরের নেতৃত্বে এক/একাধিক শিক্ষককে সাথে নিয়ে উপজেলার উন্নয়ন উপযোগী বিদ্যালয়গুলিতে শিখন অগ্রগতি ও অনুশীলন খাতার ব্যবহার যাচাই করার জন্য প্রতিমাসে দলগত পরিদর্শন করা।	প্রতি মাসে	UPEO/ UAPEO/ Instructor HT/AT
৫.	প্রতি বিষয়ে বাড়ির কাজ নিশ্চিত করা	১ম - ৫ম শ্রেণী পর্যন্ত সকল শিক্ষার্থীর ৪ টি করে খাতা (বাংলা, ইংরেজী, গণিত ও রাফ) শতভাগ নিশ্চিত করে প্রতি বিষয়ে বাড়ির কাজ প্রদান, লাল কালিতে যাচাই ও মন্তব্য করা।	২০/০১/২০২৬ খ্রি.	UAPEO/ HT/ AT
৬.	বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ব্যবহার করে পাঠদান নিশ্চিত করা	শতভাগ বিদ্যালয়ে শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া স্থাপন করে উপজেলা শিক্ষা অফিসকে অবহিত করবেন। প্রধান শিক্ষক সহকারী শিক্ষকদের সাথে স্টাফ মিটিং করে জানুয়ারী হতে মার্চ পর্যন্ত সকল শিক্ষক যেন প্রতিদিন অন্তত যেন একটি বিষয়ে পাঠদানে মাল্টিমিডিয়া ব্যবহার করেন তা নিশ্চিত করবেন।	প্রতিদিন	UAPEO/ HT/ AT
৭.	শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করা	প্রতিদিন শ্রেণিশিক্ষক অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা প্রধান শিক্ষকের কাছে জমা দিবেন। প্রধান শিক্ষক/শ্রেণিশিক্ষক মোবাইল ফোনের মাধ্যমে অনুপস্থিত শিক্ষার্থীর খোঁজ নিবেন।	প্রতিদিন	HT/ AT
৮.	অধ্যয়ন শেষে মূল্যায়ন	প্রতি অধ্যয়ন শেষে তার পরের দিন ঐ শ্রেণির সকল শিক্ষার্থীর ২০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। খাতা মূল্যায়নের পর শিক্ষক শিক্ষার্থীদের সাহায্যে অভিভাবকদের কাছে পরীক্ষার খাতাটি পৌঁছে দিবেন। অভিভাবক অবহিত হবার পর আবার শিক্ষকের কাছে খাতা জমা দিবেন। শিক্ষক একটি রেজিস্টারে ফলাফল সংরক্ষণ করবেন।	প্রতি অধ্যয়ন শেষে	UAPEO/ HT/ AT
৯.	প্রান্তিক মূল্যায়নের ফলাফলের অগ্রগতি প্রতিবেদন তৈরি	প্রতি প্রান্তিক মূল্যায়ন শেষে ফলাফল নির্ধারিত গুগল লিংকে এন্ট্রি করতে হবে। প্রথম প্রান্তিক মূল্যায়নের ফলাফলের প্রেক্ষিতে দ্বিতীয় ও তৃতীয় প্রান্তিক মূল্যায়নের তুলনামূলক প্রতিবেদন তৈরি ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা।	প্রতি প্রান্তিক মূল্যায়ন শেষে	DPEO/UPEO/ UAPEO/ HT/ AT
১০.	পঠন দক্ষতা যাচাই	বাংলা ও ইংরেজী পঠন দক্ষতা যাচাই এবং গণিতের সংখ্যা, যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি নিশ্চিত করতে প্রতি মাসের ৬ তারিখের মধ্যে প্রতি শ্রেণিতে যাচাই করা। যাচাই করবেন শ্রেণি শিক্ষক এবং 'ক', 'খ' 'গ' অথবা 'ঘ' প্রদান করবেন প্রধান শিক্ষক। ঐ সময়ে বাড়ির কাজ যাচাই করে 'ছক-২' অনুযায়ী তৈরি রেজিস্টারে মন্তব্য লিখবেন।	প্রতি মাসে	UPEO/ UAPEO/ HT/ AT

ক্র.নং	বিষয়বস্তু	কাজের বিবরণ	সম্পাদনের সময় কাল	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১১.	অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা	প্রতি মাসের প্রধান শিক্ষকদের সমন্বয় সভায় 'ছক-৩' অনুযায়ী বাংলা, ইংরেজি পঠন দক্ষতা ও গণিতের সংখ্যা, যোগ, বিয়োগ, গুণ, ভাগের ধারণা অগ্রগতির প্রতিবেদন জমা দিবেন এবং উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ন্যূনতম ১০টি বিদ্যালয়ের প্রতিবেদন পর্যালোচনা করবেন।	প্রতি মাসের সমন্বয় সভা শেষে	UPEO/ UAPEO/ HT/ AT
১২.	পাঠদানে নিয়মিত উপকরণের ব্যবহার	প্রতিটি পাঠদান শুরুর পূর্বে পাঠের মূলভাব উপস্থাপন করা। ১ম ও ২য় শ্রেণিতে আবশ্যিকভাবে সাধারণ উপকরণের পাশাপাশি ডিজিটাল উপকরণ ব্যবহার করে পাঠদান নিশ্চিত করা। গণিত পাঠে অবশ্যই 'গণিত অলিম্পিয়াড' কৌশলের - এর আলোকে প্রস্তুতি নিতে হবে।	প্রতিদিন	UPEO/ UAPEO/ HT/ AT
১৩.	পত্রিকা পাঠের মাধ্যমে পাঠাভ্যাস তৈরি	প্রতি বিদ্যালয়ে একটি পত্রিকার বোর্ড তৈরি করা এবং পত্রিকা বোর্ডে নিয়মিত পত্রিকা সাঁটিয়ে রাখা এবং শিশুদেরকে তা পড়তে উৎসাহিত করার মাধ্যমে পাঠাভ্যাস তৈরি করা।	প্রতিদিন	UAPEO/ HT/ AT
১৪.	সিলেবাস প্রণয়ন	১ম – ৫ম শ্রেণির ১ম, ২য় ও ৩য় প্রান্তিক মূল্যায়নের জন্য নির্দিষ্ট কাঠামো দিয়ে সিলেবাস প্রণয়ন করা এবং বাংলা, ইংরেজী পঠন দক্ষতা ও গণিতের সংখ্যা, যোগ, বিয়োগ, গুণ, ভাগের ধারণা নিশ্চিত প্রান্তিক মূল্যায়নের প্রশ্নপত্রে নির্ধারিত নম্বর রাখা।	১১/০১/২০২৬ খ্রি.	DPEO/UPEO/ UPETC Instructor

(মোহন লাল দাস)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সুনামগঞ্জ।